

সভার কার্যবিবরণী
৯ নং ব্লক ইউনিয়ন পরিষদ
কালিহাতি, টাঙ্গাইল।

সভাপতি : জনাব মোঃ ফরিদ আহমেদ , চেয়ারম্যান, ব্লক ইউপি, কালিহাতি, টাঙ্গাইল।
সভার স্থান : ইউপি সভা কক্ষ, ব্লক ইউপি, কালিহাতি, টাঙ্গাইল।
সভার তারিখ : ০৮/০৮/২০২৩ ইং সময় : সকাল ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নামঃ
হাজিরা রেজিস্টার মোতাবেত সংরক্ষিত

আলোচ্য সূচি :

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। আইন শৃঙ্খলার বর্তমান পরিস্থিতি প্রসঙ্গে আলোচনা।
- ৩। বাল্য বিবাহ প্রসঙ্গে আলোচনা।
- ৪। বিবিধ।

১। অদ্যকার সভার সভাপতি ও ইউপি চেয়ারম্যান জনাব মোঃ ফরিদ আহমেদ সাহেবের সভাপতিত্বে সভার কাজ আরম্ভ কার হয়। সভার শুরুতেই উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর গ্রহন করা হয় এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করিয়া শুনানোর পর উহাতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত ও গৃহিত হয়।

২। আলোচ্যসূচি মোতাবেক সভাপতি মহোদয় আইন শৃঙ্খলার বর্তমান পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে উপস্থিত সদস্যগণ জানান যে, আইন শৃঙ্খলার বর্তমান পরিস্থিতি পূর্বের যে কোন সময়ের তুলনায় ভালো। অপরিচিত লোক গ্রামের পাড়া মহল্লায় বিনা প্রয়োজনে যাতে ঘোরাফেরা করতে না পারে এবং সন্ধ্যার পর স্কুল কলেজে পড়ুয়া শিক্ষার্থীগণ যাতে বাহিরে না থাকে এ ব্যাপারে জন সচেতনতা সৃষ্টির জন্য সকলকে আহবান জানানো হয়। আইন শৃঙ্খলা পরিস্থিতি অধিকতর উন্নয়নের লক্ষ্যে ওয়ার্ড আইন শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য সদস্যগণের প্রতি অনুরোধ জানানো হয়। আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতির পূর্বাভাস পাওয়া মাত্র নিম্ন স্বাক্ষরকারী সহ উপজেলা নির্বাহী অফিসার ও আইন প্রয়োগকারী সংস্থার নিকট তাৎক্ষণিক অবহিত করানোর জন্য সদস্যগণকে পরামর্শ দেওয়া হয়।

৩। আলোচ্যসূচি মোতাবেক সভাপতি মহোদয় বাল্য বিবাহের বর্তমান পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে উপস্থিত সদস্যগণ জানান যে, গ্রামের পাড়া মহল্লায় খোঁজ নিয়ে দেখা যায় এখন আর পূর্বের মত বাল্য বিবাহ অনুষ্ঠিত হয় না। সাধারণ মানুষ এখন নারী শিক্ষার প্রতি অনেক সচেতন। সমাজের ধনী গরিব সহ সর্বস্তরের মানুষই তাদের সন্তানদেরকে উচ্চ শিক্ষার দ্বারপ্রান্তে পৌছাতে আগ্রহী। শিক্ষার প্রতি প্রবল আগ্রহের কারণে বর্তমান সমাজ ব্যবস্থা হতে বাল্য বিবাহ প্রায় নিরুদ্দেশ হওয়ার পথে। পরিবেশ পরিস্থিতির কারণে অথবা দুর্ঘটনা বশত কোথাও বাল্য বিবাহের পূর্বাভাস পাওয়া মাত্র নিম্ন স্বাক্ষরকারী সহ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও আইন প্রয়োগকারী সংস্থার নিকট তাৎক্ষণিক অবহিত করানোর জন্য সদস্যদের প্রতি অনুরোধ জানানো হয়।

৫। বিবিধঃ বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিয়া সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফরিদ আহমেদ)
চেয়ারম্যান
৯ নং বন্না ইউনিয়ন পরিষদ
কালিহাতি, টাঙ্গাইল।